## জীবন বীমা কর্পোরেশন

(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

প্রধান কার্যালয়, ২৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

**স্মারক নম্বর:** ৫৩.১৯.৯০০১.০০৩.০০.০০০.২০২২- ১৬৪ **তারিখ :** ২৯ জ্যৈষ্ঠ ১৪২৯ / ১২ জুন ২০২২

**বিষয়: তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি এর ৪র্থ সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মো: হান্নানুর রশিদ, জেনারেল ম্যানেজার (ভারপ্রাপ্ত)-উন্নয়ন , জীবীক।

স্থান : কমিটির আহবায়কের দপ্তর (৪র্থ তলা, প্রধান কার্যালয়, জীবন বীমা কর্পোরেশন, ঢাকা)।

তারিখ ও সময় : ১২-০৬-২০২২ খ্রিঃ তারিখ রোজ রবিবার বেলা ১১.০০ ঘটিকায়।

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

**২.০** সভাপতি সভার শুরুতেই সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভাকে অবহিত করেন, অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ গত ০২-০৬-২০২২ খ্রি: তারিখের ৫৩.০০.০০০০.২৩৪.২২.০০২.২২.৮৩ নং পত্র মাধ্যমে তথ্য অধিকার বিষয়ে ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা কার্যক্রম এবং সংশ্লিষ্ট কর্মসম্পাদনের নির্ধারিত সূচকসমূহ, যথা-নির্ধারিত সময়ে তথ্য প্রদান, ওয়েবসাইটে তথ্য হালনাগাদকরণ, বার্ষিক প্রতিবেদন প্রকাশ, তথ্যের ক্যাটালগ ও ইনডেক্স তৈরী, প্রচার কার্যক্রম ও প্রশিক্ষণ আয়োজন ৩০-০৬-২০২২ খ্রি: তারিখের মধ্যে বাস্তবায়ন পূর্বক বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) চূড়ান্ত মূল্যায়নের জন্য বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করেছেন। কমিটি পর্যায়ক্রমে সূচকসমূহের অগ্রগতি পর্যালোচনা করে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করে।

## সিদ্ধান্তসমূহ:

৩.০

| ক্রমিক | বিষয়বস্তু | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ |
|---|---|---|---|
| ১) | [১.১] তথ্য অধিকার আইন অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রদান | ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে দেশের কোন নাগরিকের নিকট হতে এ সংক্রান্ত বিষয়ে কোন তথ্য চেয়ে আবেদন পাওয়া গেলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব শেখ খায়েরুজজামান, সহকারী জেনারেল ম্যানেজার-উন্নয়ন এবং বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব ইসমত আরা আহমেদ, ম্যানেজার-জনসংযোগ নির্ধারিত সময়ের সরবরাহের ব্যবস্থা গ্রহণ করবেন।<br>**সিদ্ধান্ত:** দেশের কোন নাগরিকের নিকট হতে কোন তথ্য চেয়ে আবেদন পাওয়া গেলে নিষ্পত্তি সম্পর্কিত তথ্য প্রতিবেদন এবং কোন আবেদন পাওয়া না গেলে শূণ্য প্রতিবেদন এফআইডি এর সিনিয়র সচিব মহোদয় বরাবরে প্রেরণ করতে হবে। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং জনসংযোগ বিভাগ |
| ২) | [১.২] স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ | এ সংক্রান্ত বিষয়ে সভা অবহিত হয় জীবন বীমা কর্পোরেশনের বিভিন্ন বিভাগের চাহিদাপত্র অনুযায়ী আইসিটি ডিভিশন হতে স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবে।<br>**সিদ্ধান্ত:** আইসিটি ডিভিশন স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্য হালনাগাদ করে ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করবে এবং আইসিটি ডিভিশন হতে এপ্রিল-জুন/২০২২ মাসের প্রতিবেদন সংগ্রহ করে এফআইডি এর সিনিয়র সচিব মহোদয় বরাবরে প্রেরণ করতে হবে। | আইসিটি ডিভিশন এবং প্রশাসন ডিভিশন |
| ৩) | [১.৩] বার্ষিক প্রতিবেদন প্রকাশ | কর্পোরেশনের ২০২০ সনের বার্ষিক প্রতিবেদন গত ১৩-০১-২০২২ খ্রি: তারিখে অনুমোদনের পর গত ১৫-০২-২০২২ খ্রি: তারিখে কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশিত হয়েছে। কমিটি আরো অবহিত হয় যে, ২০২১ সনের বার্ষিক হিসাব কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।<br>**সিদ্ধান্ত:** আইসিটি ডিভিশন ২০২০ সনের প্রকাশিত বার্ষিক প্রতিবেদনটি কর্পোরেশনের ওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারের সাথে লিংক প্রদান করবে এবং উহার স্ক্রীনশট সংগ্রহ করে এফআইডি এর সিনিয়র সচিব মহোদয় বরাবরে প্রেরণ করতে হবে। এ ছাড়া ২০২১ সনের বার্ষিক হিসাব কার্যক্রম সম্পন্ন হওয়ার সাথে সাথে উহা কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশ এবং ওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারের সাথে লিংক প্রদান করতে হবে। | হিসাব ও অর্থ ডিভিশন এবং আইসিটি ডিভিশন |

চলমান পাতা- ০২

| | | | |
|---|---|---|---|
| ৪) | [১.৪] তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৫ ধারা অনুসারে যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ তৈরি/ হালনাগাদকরণ | কমিটি অবগত হয় কর্পোরেশনের যাবতীয় তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ প্রস্তুত করে হালনাগাদ করা হয়েছে। কমিটি তালিকাটি সর্বসম্মতিক্রমে অনুমোদন করে এবং তালিকাটি কর্পোরেশনের ওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারে প্রকাশের ব্যবস্থা করা যায়। **সিদ্ধান্ত:** চুড়ান্তভাবে প্রস্তুতকৃত তথ্যের ক্যাটাগরি ও ক্যাটালগ আইসিটি ডিভিশন হতে কর্পোরেশনের ওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারে প্রকাশ করে তথ্যের স্ক্রীনশট সংগ্রহ করে এফআইডি এর সিনিয়র সচিব মহোদয় বরাবরে প্রেরণ করতে হবে। | জনসংযোগ বিভাগ, প্রশাসন ডিভিশন এবং আইসিটি ডিভিশন |
| ৫) | [১.৫] তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ | তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণকল্পে এ সম্পর্কিত আইন ও বিধিবিধান কর্পোরেশনের ওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারে প্রকাশ করা হয়েছে। এছাড়াও পত্র পত্রিকায় বিজ্ঞাপন ও প্রেস রিলিজ প্রকাশসহ লিফলেট, পোস্টার এবং ব্যানার বিতরন বা টাঙ্গানোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এবং অন্যান্য কর্মসূচি আরো বৃদ্ধি করা প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করা হয়। **সিদ্ধান্ত:** জনসংযোগ বিভাগ হতে লিফলেট, পোস্টার এবং ব্যানার বিতরন বা টাঙ্গানোর ব্যবস্থা গ্রহণসহ এপ্রিল-জুন/২০২২ মাসের প্রতিবেদন সংগ্রহ করে এফআইডি এর সচিব মহোদয় বরাবরে প্রেরণ করা যায়। | প্রশাসন ডিভিশনের জনসংযোগ বিভাগ, প্রশিক্ষণ বিভাগ ও সংস্থাপন বিভাগ এবং আইসিটি ডিভিশন |
| ৬) | [১.৬] তথ্য অধিকার বিষয়ে কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন | কর্মকর্তাদের জন্য তথ্য অধিকার বিষয়ে ইতিমধ্যে সম্পাদিত প্রশিক্ষণ কোর্স এবং ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে অনুষ্ঠিতব্য প্রশিক্ষণ কোর্সের যাবতীয় তথ্য কর্পোরেশনের ওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারে প্রকাশ করতে হবে। **সিদ্ধান্ত:** প্রশিক্ষণ বিভাগ হতে এপ্রিল-জুন/২০২২ মাসের প্রশিক্ষণ প্রতিবেদন সংগ্রহ করে সকল তথ্য কর্পোরেশনের ওয়েবসাইটের তথ্য অধিকার কর্ণারে প্রকাশ এবং উহার স্ক্রীনশট এফআইডি এর সিনিয়র সচিব মহোদয় বরাবরে প্রেরণ করতে হবে। | প্রশিক্ষণ বিভাগ এবং আইসিটি ডিভিশন |

৪.০ কমিটির আহবায়ক মহোদয় ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী অবশিষ্ট সময়ের মধ্যে কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের আশাবাদ ব্যক্ত করে উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২/৬/২২

(মো: হান্নানুর রশিদ)
জেনারেল ম্যানেজার (ভারপ্রাপ্ত)-উন্নয়ন
ও
আহবায়ক-তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি

**স্মারক নম্বর:** ৫৩.১৯.৯০০১.০০৩.০১.০০০.২০২২- ২০৪

**তারিখ :** ২৯ জ্যৈষ্ঠ ১৪২৯ / ১২ জুন ২০২২

**বিতরণ:**

০১। জেনারেল ম্যানেজার-উন্নয়ন, প্রধান কার্যালয়, ঢাকা। — আহবায়ক
০২। সহকারী জেনারেল ম্যানেজার-উন্নয়ন, প্রধান কার্যালয়, ঢাকা। — সদস্য সচিব
০৩। ম্যানেজার-হিসাব একত্রিকরণ শাখা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি। — সদস্য
০৪। ম্যানেজার-প্রশিক্ষণ, প্রধান কার্যালয়, ঢাকা ও সদস্য, এপিএ টিম। — সদস্য
০৫। ম্যানেজার-জনসংযোগ ও প্রশাসন, প্রধান কার্যালয়, ঢাকা। — সদস্য

১২/৬/২০২২
(শেখ খায়েরুজ্জামান)
সহকারী জেনারেল ম্যানেজার-উন্নয়ন এবং
সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি

**প্রতিলিপি:**

০১। জনাব আবু আবেদ মুহাম্মদ শোয়াইব, সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটিডি।
০২। পিএস টু এমডি; ম্যানেজিং ডাইরেক্টর মহোদয়ের সদয় অবগতির জন্য।
০৩। সংশ্লিষ্ট নথি।
০৪। মহানথি।

জীবন বীমা কর্পোরেশন
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)
প্রধান কার্যালয় : ২৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ফোন : ৯৫৫১০৯৬, পিএবিএক্স : ৯৫৫১৪১৪, ৯৫৫১৪২৩-২৪, ৯৫৫২০৪৭-৪৯, ৯৫৫৯৯৫১-২, ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬১৮২৫, ৮৮-০২-৯৫৫০৭৯৬
পোস্ট বক্স নং-৩৪৫, ৬২৫, জি.পি.ও ঢাকা, ই-মেইল : info @jbc.gov.bd, ওয়েব সাইট : www.jbc.gov.bd

## তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি এর ৪র্থ সভার হাজিরা

তারিখ: ১২ জুন ২০২২, রবিবার, বেলা-১১:০০ ঘটিকা।

স্থান: জেনারেল ম্যানেজার-উয়ন্নন (ভারপ্রাপ্ত) -এর অফিস কক্ষ, ৪র্থ তলা, প্রধান কার্যালয়, জীবন বীমা কর্পোরেশন।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কমিটিতে অবস্থান | স্বাক্ষর/মন্তব্য |
|---|---|---|---|
| ১ | জনাব মো: হান্নানুর রশিদ, জেনারেল ম্যানেজার-উন্নয়ন (ভারপ্রাপ্ত) | আহবায়ক | (স্বাক্ষর) ১২/৬/২২ |
| ২ | জনাব মোঃ ফেরদৌস আলম খান<br>ম্যানেজার-হিসাব একত্রিকরণ শাখা, প্রধান কার্যালয়, ঢাকা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি | সদস্য | (স্বাক্ষর) ১২/০৬/২০২২ |
| ৩ | জনাব মোঃ মাসুদুর রহমান<br>ম্যানেজার-প্রশিক্ষণ, প্রধান কার্যালয়, ঢাকা ও সদস্য, এপিএ টিম | সদস্য | (স্বাক্ষর) 12.06.2022 |
| ৪ | জনাব ইসমত আরা আহমেদ<br>ম্যানেজার-জনসংযোগ ও প্রশাসন, প্রধান কার্যালয়, ঢাকা | সদস্য | (স্বাক্ষর) 12.06.2022 |
| ৫ | শেখ খায়েরুজজামান<br>সহকারী জেনারেল ম্যানেজার-উন্নয়ন ও সদস্য, এপিএ টিম | সদস্য সচিব | (স্বাক্ষর) 12.06.2022 |
| ৬. | শাহাবুদ্দিন- জুনিয়র অফিসার- উন্নয়ন | | (স্বাক্ষর) ১২/০৬/২২ |

৭. সহকারী — ১ জন

মোট — ৭ জন।